অণ্টারিওতে স্বাস্থ্যসেবা ঃ জরুরি অবস্থায় সেবা পাওয়া

স্বাস্থ্যগতভাবে যদি আপনার জীবন ঝুঁকিপূর্ণ হয়, একটি হাসপাতালের এমার্জেন্সী রুমে যান অথবা ৯-১-১ নাম্বারে টেলিফোন করুন। ৯১১-এর অপারেটার আপনার সাথে কথা বলার জন্য একজন দোভাষী দিতে পারেন যদি আপনার প্রয়োজন হয়।

হাসপাতালই হচ্ছে একটি জায়গা যেখানে আপনি জরুরি স্বাস্থ্যসেবা পেতে পারেন। অনেকসময় মানুষজন যায় কারণ তারা জানে না কোথায় যেতে হবে। আপনি কি কি সাহায্য পেতে পারেন সে-সম্বন্ধে এখানে তথ্য পাবেন এই ব্যাপারে ঃ

- জীবন ঝুঁকিপূর্ণ নয় এমন সমস্যা দেখা দিলে জরুরিভাবে কোথায় সাহায্য পেতে পারেন
- জীবন ঝুঁকিপূর্ণ অবস্থায় কোথায় সাহায্য পেতে পারবেন

এই তথ্যপাতাটি আপনি ontario.ca/healthcarebasics *ওয়েবসাইটে* অনেক ভাষায় পাবেন। “Information in Other Languages” বোতাম টিপুন। অন্‌লাইন ভার্শনে টরণ্টোতে স্বাস্থ্যসেবা সম্বন্ধে সংযুক্ত করা আরো অনেক তথ্য আপনি পাবেন।

জীবন ঝুঁকিপূর্ণ নয় এমন ক্ষেত্রে জরুরিভাবে কোথায় সাহায্য পেতে পারেন।

২। কে আমাকে সাহায্য করতে পারে যদি আমি অসুস্থ হই বা আঘাত পেয়ে থাকি এবং নিশ্চিতভাবে জানি না কি করতে হবে ?

Telehealth Ontario-তে ১-৮৬৬-৭৯৭-০০০০ নাম্বারে টেলিফোন করুন। এটি হচ্ছে বিনা খরচে একটি গোপনীয় ফোন্ সার্ভিস যেখানে রাত্রিতে ও দিনে যে কোনো সময় আপনি টেলিফোন করতে পারেন। একজন নার্সের কাছ থেকে আপনি স্বাস্থ্য বিষয়ক পরামর্শ কিংবা সাধারণ স্বাস্থ্য বিষয়ক তথ্য পেতে পারেন। নার্স আপনাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করবেন এইসব ক্ষেত্রে ঃ

- বাড়িতে নিজের যত্ন নিতে
- ডক্তারের সাথে অ্যাপয়েণ্টমেণ্ট করতে
- একটি ক্লিনিকে যেতে
- একটি হাসপাতালের এমার্জেন্সী রুমে যেতে

৩। যদিও আমার সমস্যা জীবনের ঝুঁকিপূর্ণ না হয় অথচ আমার জরুরি সাহায্যের প্রয়োজন হয় সেক্ষেত্রে আমি কোথায় যেতে পারবো ?

অ্যাপয়েণ্টমেণ্ট ছাড়া কিংবা বাড়তি সময় আপনাকে সেবা দিতে পারবেন কিনা আপনার ফ্যামিলী ডাক্তারকে, ফ্যামলী হেল্‌থ্ টীম বা নার্স প্র্যাক্টিশনার ক্লিনিকে টেলিফোন ক’রে জেনে নিন। আপনার যদি ফ্যামিলী ডাক্তার না থাকে, আপনি যেকোনো ওয়াক-ইন্ ক্লিনিকে যেতে পারেন। নিচের এই তালিকা অনুযায়ী আপনি পছন্দ করতে পারেন ঃ

আপনার যদি জরুরি প্রয়োজন হয় এইধরনের ঃ	এখানে সাহায্য পাবেন ঃ	তাঁরা কিভাবে সাহায্য করতে পারে ঃ
ফ্লু, কাশি ও সর্দি, লঘুতর আঘাত, এবং অনেক পুরনো শারীরিক সমস্যা	ফ্যামিলী ডাক্তার অথবা একটি ওয়াক-ইন্ ক্লিনিকে	তাঁরা হয়তো অ্যাপয়েণ্টমেণ্ট ছাড়া আপনাকে দেখতে পারেন নিয়মিত অথবা প্রসারিত সময়কালে
চোখের আঘাত, শারীরিক ক্ষত, অঙ্গ-প্রত্যঙ্গ ভেঙে যাওয়া, এক্স-রে. ও ল্যাবরেটরী টেস্ট সমূহ	আর্জেণ্ট কেয়ার সেণ্টারে	অ্যাপয়েণ্টমেণ্ট ছাড়া দিনের ২৪ ঘণ্টাকালে সপ্তাহের প্রতিটি দিন ও রাত্রিতে

Bengali – Health Care in Ontario: Getting Emergency Care Cat# 016056 Nov/2010 © Queen's Printer for Ontario

Ontario

৪। একজন ডাক্তার বা অন্যান্য সেবাদানকারীদের আমি কিভাবে খুঁজে বের করবো ?

হেল্‌থ্ কেয়ার কানেক্ট-এ নিবন্ধিভুক্ত হন। বিনা খরচে আপনি (register for this free service online) করতে পারেন অথবা ১-৮০০-৪৪৫-১৮২২ টেলিফোনের মাধ্যমে। নিশ্চিত করবেন যেন আপনার বৈধ **অন্টারিও হেল্‌থ্ ইন্স্যুরেন্স প্ল্যানের কার্ড** (OHIP) থাকে।

৫। জরুরি স্বাস্থ্যগত সমস্যার চিকিৎসার জন্য আমি কোথায় যেতে পারি যখন আমার ফ্যামিলী ডাক্তার সেবা দিতে সক্ষম না হন ?

নিকটবর্তী (your nearest walk-in clinic or Urgent Care Centre) আর্জেণ্ট কেয়ারে যান। অথবা আপনি যদি রেজেষ্ট্রীভুক্ত হন তাহলে আপনার ফ্যামিলী হেল্‌থ্ টীমে টেলিফোন করুন আপনি সাহায্য পেতে পারবেন কিনা দিনের বেলা, সন্ধ্যায় এবং সপ্তাহান্তেও। এই সেণ্টারগুলি আপনাকে সাহায্য করতে পারবে এইসব ক্ষেত্রে ঃ চোখের আঘাত, শারীরিক ক্ষত, অঙ্গ-প্রত্যঙ্গ ভেঙে যাওয়া, এক্স-রে. ও ল্যাবরেটরী টেস্ট। আপানার কোনো অ্যাপয়েণ্টমেণ্টের দরকার নেই — সাহায্যের প্রয়োজন হলে সরাসরি চলে যাবেন। এবং সঙ্গে ক'রে আপনার OHIP কার্ড নিয়ে যেতে ভুলবেন না।

জীবনের ঝুঁকিপূর্ণ সমস্যায় কোথায় সাহায্য পেতে পারি ?

৬। হাসপাতালের এমার্জেন্সী রুমে কখন আমি যাবো ?

এমার্জেন্সী রুমকে সংক্ষেপে বলা হয় ER। ER হাসপাতালের রোগীদের জরুরি স্বাস্থ্যবিষয়ক বা অস্ত্রোপচার সেবা দিয়ে থাকে। আপনি ER-এ যাবেন শুধু সম্ভাব্য জীবনের ঝুঁকিপূর্ণ সমস্যার কিংবা আঘাতের ক্ষেত্রে।

৭। আমাকে এমার্জেন্সী রুমে (ER-এ) নিয়ে যাওয়ার জন্য আমি কি একটি অ্যাম্বুলেন্স ডাকতে পারি ?

অতি জরুরি সঙ্কটজনক স্বাস্থ্যসেবা দেয়ার জন্য অণ্টারিও উড়ন্ত এবং স্থলবাহী অ্যাম্বুলেন্স ব্যবহার করে। এই অ্যাম্বুলেন্স আপনাকে অতি দ্রুততার সঙ্গে ER-এ নিয়ে যেতে পারে এবং নিয়ে যাওয়ার সময়কালে শিক্ষাপ্রাপ্ত ব্যক্তিদের দ্বারা আপনাকে সাহায্য দিয়ে থাকে। রাস্তায় যাওয়ার সময় সেগুলো থেকে সাইরেনের শব্দে রাস্তার অন্যান্য যানবাহনকে রাস্তা থেকে সরে দাঁড়ানোর সঙ্কতধ্বনি দেয়া হয়।

যদি আপনাকে হাসপাতালে নিয়ে যেতে প্রয়োজন হয় তাহলে Ontario Health Insurance Plan (OHIP) খরচের বেশি অংশ বহন করে। আপনাকে দিতে হবে সামান্য একটি ফী ($৪৫)।

দ্রষ্টব্য ঃ হাসপাতালে যে ডাক্তার আপনাকে দেখবেন তিনি যদি মনে করেন অ্যাম্বুলেন্স ক'রে হাসপাতালে আসা আপনার প্রয়োজন ছিল না, তাহলে আপনাকে অবশ্যই $২৪০ ডলার দিতে হবে।

৮। অ্যাম্বুলেন্স আমি কিভাবে ডাকবো ?

অ্যাম্বুলেন্স ডাকতে আপনি যে কোনো টেলিফোন থেকে ৯১১ নাম্বারে ফোন্ করবেন। আপনার প্রয়োজন হলে ৯১১ অপারেটার আপনাকে একজন দোভাষীর সাথে যোগাযোগ করিয়ে দেবে। আপনার স্বাস্থ্যের সমস্যা সম্বন্ধে আপনাকে জিজ্ঞাসা করা হবে এবং প্রয়োজন হলে একটি অ্যাম্বুলেন্স পাঠানো হবে। যে কোনো টেলিফোন থেকে বিনাখরচে আপিনি ফেন্ করতে পারেন।

৯। এমার্জেন্সী রুম ব্যবহার করার জন্য আমাকে কি OHIP কার্ড ব্যবহার করতে হবে ?

সঙ্কটজনক অবস্থার ক্ষেত্রে হাসপাতালে আপনাকে তাৎক্ষণিকভাবে সেবা দেয়া হবে কার্ড না দেখেই। কিন্তু পরবর্তীতে আপনাকে Ontario Health Insurance Plan (OHIP) কার্ড দেখাতে হবে যদি আপনি চান আপনার খরচ হাসপাতাল পরিশোধ করবে।

১০। এমার্জেন্সী রুমে (ER) আমি পৌঁছানোর পর কি হবে ?

আপনি হাসাপাতালে পৌঁছানোর পর এইগুলি হতে পারে ঃ

- প্রথম, ER-এর ফ্রন্ট ডেস্কে আপনাকে হাজির হতে হবে। এর মধ্যে কর্মচারীগণ আপনার উপস্থিতি এবং আপনার সমস্যা কি জানতে পারবেন। আপনার স্বাস্থ্য সমস্যা যদি জরুরি ধরনের হয় তাহলে একজন নার্স কিংবা ডাক্তার তাৎক্ষণিকভাবে আপনাকে পরীক্ষা করবেন।

- এরপর আপনি একজন ER নার্সকে দেখতে পাবেন। এই নার্স নিশ্চিত করবেন যে অত্যন্ত অসুস্থ মানুষজনকে যেন ডাক্তার প্রথমে দেখেন।

- আপনাকে যদি অপেক্ষা করতে হয়, আপনাকে হয়তো ওয়েটিং এরিয়াতে বসার জন্য বলা হতে পারে।

- একটি পরীক্ষা করার কামরা খালি হলে স্টাফ আপনার নাম ধ'রে ডাকবেন। পরীক্ষা করার কামরায় সাধারণতঃ একটি বেড ও একটি চেয়ার থাকবে। এছাড়াও সেখানে কিছু মেডিকাল সরঞ্জামও থাকতে পারে। এখানে কিছুক্ষণের জন্য হয়তো আপনাকে অপেক্ষা করতে হতে পারে ডাক্তারের জন্য।

- ডাক্তার যখন আসবেন তিনি আপনাকে আপনার সমস্যা সম্বন্ধে জিজ্ঞাসা করবেন এবং আপনার শরীর পরীক্ষা করবেন। এইসাথে ডাক্তার সিদ্ধান্ত নেবেন পরবর্তীতে কি করা হবে। যেমন, আপনার হয়তো এক্স-রে কিংবা টেস্টের প্রয়োজন হতে পারে। এগুলির ফলাফল পেতে আপনাকে অপেক্ষা করতে হতে পারে।

ডাক্তার যখন আপনার সমস্যা সম্বন্ধে জানতে পারবেন, আপনাকে হয়তো তখন চিকিৎসা দিয়ে বাড়ি পাঠিয়ে দেয়া হতে পারে। অথবা, আপনার সমস্যা যদি বেশি সঙ্কটজনক হয় তাহলে আরো পরীক্ষা অথবা চিকিৎসার জন্য আপনাকে হাসপাতালে রেখে দেয়া যেতে পারে।

১১। আমি যদি এমার্জেন্সী রুমে (ER) যাই কতক্ষণ আমাকে অপেক্ষা করতে হতে পারে?

ER-এ কতক্ষণ অপেক্ষা করতে হবে সেটি নির্ভর করবে অনেককিছুর উপর, যেমনঃ

- আপনার অবস্থা কতদূর বিপজ্জনক
- ER-এ কখন আপনি পৌঁচেছেন তার সময় ও দিন
- যে হাসপাতলে আপনি গিয়েছেন তার আয়তন ও অবস্থান
- কোনো গুরুত্বপূর্ণ দুর্ঘটনা অথবা ফ্লু প্রাদুর্ভাব নিয়ে ER কিভাবে ব্যস্ত আছে
- আপনাকে যদি সার্জারী বা চিকিৎসার জন্য হাসপাতালে থাকার প্রয়োজন হয়

অনলাইন (hospital wait times)-এ আপনি বিস্তারিত জানতে পারবেন।

১২। অন্টারিওতে হেল্থ্ কেয়ার সিস্টেম ব্যবহার করা সম্বন্ধে আমার প্রশ্ন আছে। কার সাথে আমি যোগাযোগ করবো?

যোগাযোগ করুন ServiceOntario, INFOline-এর সাথে সকাল ৮:৩০টা থেকে বিকাল ৫:০০টা সময়ের মধ্যে। সেখানে কর্মচারী প্রস্তুত আছেন আপনাকে সাহায্য করতে ইংরেজি, ফ্রেঞ্চ ও আরো ২০টি ভাষায়। টেলিফোন করুনঃ

- ১-৮৬৬-৫৩২-৩১৬১
- TTY ১-৮০০-৩৮৭-৫৫৫৯
- টরন্টোতে, TTY ৪১৬-৩২৭-৪২৮২

বিস্তারিত জানার জন্য আমাদের health.gov.on.ca ওয়েবসাইট খুলে দেখুন।